



দৈনিক ইকবিলাব

নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় বিজ্ঞান শিক্ষা অপরিহার্য প্রেসিডেন্ট

বাসস : প্রেসিডেন্ট অধ্যাপক এ কিউ এম
বদরুন্নাহা চৌধুরী জীবনমান উন্নয়ন এবং
প্রতিবেশীদের সঙ্গে ভাল মিলিয়ে চলার জন্য
৪-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

প্রেসিডেন্ট ৮-এর পৃষ্ঠার পর

বিজ্ঞান ও প্রযুক্তির প্যাপক উন্নয়নের
প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ
করেছেন। তিনি গতকাল ঢাকায় 'তাপ
প্রকৌশল : বিজ্ঞান ও প্রযুক্তি' শীর্ষক এক
আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধনী
অধিবেশনে ভাষণকালে আরো বলেন,
'বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন না হলে আমরা
কেবল অন্যদের চেয়ে পিছিয়ে পড়বো না
বরং বর্তমান জীবনমান অক্ষুণ্ণ রাখাও কঠিন
হবে।'

প্রেসিডেন্ট বিজ্ঞান ও প্রযুক্তিকে উন্নয়ন,
বিশেষ করে নতুন শতাব্দীর চ্যালেঞ্জ
মোকাবিলায় অপরিহার্য উপাদান হিসেবে
বর্ণনা করেন।

আমেরিকান সায়েন্স অব মেকানিক্যাল
ইঞ্জিনিয়ার্স (এসএসএমই)'র সহযোগিতায়
বাংলাদেশ সায়েন্স অব মেকানিক্যাল
ইঞ্জিনিয়ার্স (বিএসএমই) যৌগভাবে তিন
দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করেছে।
উদ্বোধনী অধিবেশনে জানানো হয় যে,
১২টিরও বেশী দেশের প্রায় ৭০ জন
বিশেষজ্ঞ ও শিক্ষাবিদ এ সম্মেলনে অংশ
নিচ্ছেন এবং এতে প্রায় ১শ' বিজ্ঞান সংক্রান্ত
নিবন্ধ উপস্থাপন করা হবে। আয়োজকরা
দাবী করেন, দেশে এ ধরনের এটি প্রথম
সম্মেলন।

বাংলাদেশ ইনস্টিটিউট অব এডমিনিস্ট্রেশন
এন্ড ম্যানেজমেন্টের সম্মেলন কেন্দ্রে
অনুষ্ঠিত এ সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে
অন্যান্যের মধ্যে ইসলামিক প্রযুক্তি
বিশ্ববিদ্যালয় (আইইউটি)'র ভাইস
চ্যান্সেলর ও বিএসএমই'র সভাপতি ডঃ এম
আনোয়ার হোসেন এবং এএসএমই'র সহ-
সভাপতি আর কে শাহ বক্তৃতা করেন।

প্রেসিডেন্ট বলেন, কেবল আধুনিক জ্ঞানই
আমাদের ইঙ্গিত লক্ষ্য অর্জনে সহায়ক হতে
পারে।

প্রেসিডেন্ট অসাধারণ এ সম্মেলন অনুষ্ঠানে
প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য
এএসএমই'র প্রশংসা করেন। তিনি আশা
প্রকাশ করেন, এ সম্মেলনের মাধ্যমে বিভিন্ন
দেশের জনগণের সঙ্গে তাদের বাংলাদেশী
সহকর্মীদের অভিজ্ঞতা বিনিময়ের সুযোগ সৃষ্টি
হবে। তিনি বলেন, একই মঞ্চে বিশ্ব
সম্প্রদায়ের এ ধরনের সম্মিলনের সুযোগে
সবাই উপকৃত হবে।

ডঃ আনোয়ার হোসেন সময়ের চাহিদা পূরণ
এবং দ্রুত উন্নয়ন অর্জনে গতিক্রম
পুনর্বিদ্যাসের প্রস্তাব করেন। তিনি কর্তৃপক্ষ ও
বেসরকারী খাতের প্রতি গবেষণা ও উন্নয়নের
জন্য সুনির্দিষ্ট বরাদ্দ রাখার আহ্বান জানান।

তিনি বলেন, গবেষণা ও উন্নয়নকে যথাগত
ওরুদ্ব না দিয়ে কোন অগ্রগতিই অগ্রগতি
অর্জন করতে পারে না। গবেষণা ও উন্নয়ন
ছাড়া আমরা কেবল অগ্রগতি অর্জনে ব্যর্থ
হবো না মনঃ সর্ব-মিলিত পন্থা ও বহু-মুখ